



শেখ হাসিনা'র মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০০৯.১৮.১১৩১

তারিখ: ১১ কার্তিক ১৪২৭  
২৭ অক্টোবর ২০২০

### প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোহাম্মদ ইরফান সেলিম, পিতা: হাজী মোহাম্মদ সেলিম, ২৫ নং বড় কাটারা, ডাকঘর-পোস্তা, ঢাকা-১২১১, থানা: চকবাজার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৩০ নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর, এবং

যেহেতু, তার বিরুদ্ধে বাংলাদেশ নৌ বাহিনীর একজন কর্মকর্তা ও তার স্ত্রীর ওপর হামলার অভিযোগে ফৌজদারী মামলা দায়ের করা হয়েছে; এবং

যেহেতু, তিনি বিদেশি মদ সেবন করার দায়ে ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ১(এক) বছর কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন এবং ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা জরিমানা অনাদায়ে আরও ১(এক) মাস বিনাপ্রশম কারাদণ্ডে দণ্ডিত হয়ে ইতোমধ্যে কারাগারে প্রেরিত হয়েছেন; এবং

যেহেতু, তিনি অবৈধ ওয়াকিটকি রাখা ও ব্যবহারের দায়ে ভ্রাম্যমাণ আদালত কর্তৃক ৬ (ছয়) মাস কারাদণ্ডে দণ্ডিত হয়েছেন; এবং

যেহেতু, তার বিরুদ্ধে অবৈধ অস্ত্র, মাদক রাখার দায়ে আরও মামলা দায়ের করার কার্যক্রম চলমান রয়েছে; এবং

যেহেতু, তার উক্ত কর্মকাণ্ড স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ২ (৩৭) এবং ৩ (১) (খ) (ঘ) অনুযায়ী নৈতিক স্বলনজনিত অপরাধ এবং অসদাচরণের শামিল; এবং

যেহেতু, সিটি কর্পোরেশনের কোন কাউন্সিলরের বিরুদ্ধে নৈতিক স্বলনজনিত অপরাধ এবং অসদাচরণের অভিযোগে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১৩ অনুযায়ী কার্যক্রম শুরু করা হলে, উক্ত আইনের ধারা ১২ এর উপ-ধারা (১) অনুযায়ী অভিযুক্ত কাউন্সিলরকে সাময়িক বরখাস্তের বিধান রয়েছে,

সেহেতু, স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) আইন, ২০০৯ এর ধারা ১২ এর উপ-ধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৩০ নং সাধারণ ওয়ার্ডের নির্বাচিত কাউন্সিলর পদ হতে তাকে সাময়িকভাবে বরখাস্ত করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আ. ন. ম. ফয়জুল হক

উপসচিব

ফোনঃ ৯৫৭৩৬২৫

ই-মেইল: [lgcc1@lgd.gov.bd](mailto:lgcc1@lgd.gov.bd)

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.২৭.০০৯.১৮.১১৩১/১(৫০)

তারিখ: ১১ কার্তিক ১৪২৭  
২৭ অক্টোবর ২০২০

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

- (১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
- (৩) সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরেবাংলানগর, ঢাকা।
- (৪) অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
- (৬) মাননীয় মন্ত্রী'র একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- (৭) উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশের অনুরোধ করা হল)।
- (৮) মাননীয় মেয়র এর একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, নগর ভবন, ঢাকা।
- (৯) সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- (১০) জনাব মোহাম্মদ ইরফান সেলিম, পিতা: হাজী মোহাম্মদ সেলিম, ২৫ নং বড় কাটারা, ডাকঘর-পোস্তা, ঢাকা-১২১১, থানা: চকবাজার ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
- (১১) অফিস কপি।

আ. ন. ম. ফয়জুল হক

উপসচিব